

APR-1/2
APR-1/2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণী
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
website: www.beta.gov.bd

নং- ১৫.৫৩.০০০০.০১২.৩১.৫৬৫.১৮ ৬০৪

তারিখ: ২৭/৭/২০১৬

সচিব,
তথ্য মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

বিষয়: জনাব এ.এম. হোসেন আলী, সাবেক উপ-আঞ্চলিক প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস এর অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরির প্রসঙ্গে।

জনাব এ.এম. হোসেন আলী, সাবেক উপ-আঞ্চলিক প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা কে তথ্য মন্ত্রণালয়ের ২২-০৯-২০১৬ তারিখের ১৫.০০.০০০০.০২১.১৮.৭৮৯.১২.৩৯২(৬) নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী ১৯-১১-২০১৬ তারিখ হতে অবসর প্রদান করতঃ ২০-১১-২০১৬ তারিখ হতে ১৯-১১-২০১৭ তারিখ পর্যন্ত ১(এক) বৎসর গড় বেতনে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হয় (কপি সংযুক্ত)। উক্ত ছুটি শেষে তিনি ২০-১১-২০১৭ তারিখে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেছেন। জনাব এ.এম. হোসেন আলী পেনশন ও আনুতোষিক মঞ্জুরী দানের জন্য সচিব তথ্য মন্ত্রণালয় বরাবর আবেদন করেছেন। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (তথ্য) এর কার্যালয় হতে প্রাপ্ত প্রত্যাশিত শেষ বেতনের সনদপত্র অনুযায়ী তার মূল বেতন = ৫৩,৬১০/- (তিপান্ন হাজার ছয়শত দশ) টাকা মাত্র।

০২। জনাব এ.এম. হোসেন আলী বিধি মোতাবেক মূল বেতন টাকা-৫৩,৬১০/- (তিপান্ন হাজার ছয়শত দশ) টাকা মাত্র এর ৯০% হারে (৫৩,৬১০ X ৯০%) = ৪৮,২৪৯/- (আটচল্লিশ হাজার দুইশত ঊনপঞ্চাশ) টাকা মাত্র এর ৫০% হারে ২৪,১২৪.৫০/- (চব্বিশ হাজার একশত চব্বিশ টাকা পঞ্চাশ পয়সা) মাত্র এর ২৩০ টাকা হারে (২৪,১২৪.৫০ X ২৩০) = ৫৫,৪৮,৬৩৫/- (পঞ্চাশ লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা মাত্র আনুতোষিক প্রাপ্য। উল্লেখ্য যে, জনাব এ.এম. হোসেন আলী এর নামে ১,৩৭,৩৯৫.৭২/- (এক লক্ষ সাইত্রিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা বাহাত্তর পয়সা) টাকা মাত্র অডিট আপত্তি রয়েছে। বিধায় মোট আনুতোষিক টাকা ৫৫,৪৮,৬৩৫/- (পঞ্চাশ লক্ষ আটচল্লিশ হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা থেকে ১,৩৭,৩৯৫.৭২/- (এক লক্ষ সাইত্রিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা বাহাত্তর পয়সা) টাকা কর্তন করে (৫৫,৪৮,৬৩৫/- ১,৩৭,৩৯৫.৭২/-) = ৫৪,১১,২৩৯.২৮/- (চুয়ান্ন লক্ষ এগার হাজার দুইশত ঊনচল্লিশ টাকা আটশ পয়সা) টাকা মাত্র আনুতোষিক মঞ্জুরির জন্য আবেদন করেছেন। তিনি মাসিক পেনশন হিসেবে ২৪,১২৪.৫০/- (চব্বিশ হাজার একশত চব্বিশ টাকা পঞ্চাশ পয়সা) প্রাপ্য হবেন। এ প্রেক্ষিতে তাকে আনুতোষিক বাবদ ৫৪,১১,২৩৯.২৮/- (চুয়ান্ন লক্ষ এগার হাজার দুইশত ঊনচল্লিশ টাকা আটশ পয়সা) টাকা এবং মাসিক পেনশন বাবদ ২৪,১২৪.৫০/- (চব্বিশ হাজার একশত চব্বিশ টাকা পঞ্চাশ পয়সা) মঞ্জুরী দানের লক্ষ্যে সংশ্লিষ্ট কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো:

১।	মূল আবেদন পত্র -	:	১ (এক) কপি
২।	পেনশন পেপার -	:	২ (দুই) কপি
৩।	ছবি সত্যায়িত -	:	২ (দুই) কপি
৪।	প্রত্যাশিত শেষ বেতনের সনদ (মূল কপি সহ) -	:	২ (দুই) কপি
৫।	সার্ভিস স্টেটম্যান এর মূল কপি -	:	২ (দুই) কপি
৬।	বিভিন্ন দপ্তরের না দাবী পত্র সমূহ -	:	২ (দুই) কপি
৭।	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ -	:	২ (দুই) কপি
৮।	বিভাগীয় মামলা/কোর্ট কেইস নেই মর্মে প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
৯।	সরকারি বাসায় বসবাস না করার প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
১০।	সরকারি টেলিফোন বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
১১।	সরকারি গাড়ি ভাড়া পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
১২।	বিদেশে চাকরি করেননি মর্মে প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
১৩।	অঙ্গীকারনামা ও অডিট আপত্তি নেই মর্মে প্রত্যয়ন পত্র -	:	২ (দুই) কপি
১৪।	গৃহ নির্মাণের অগ্রিমের সত্যায়িত বিমোচনপত্র কপি -	:	২ (দুই) কপি
১৫।	এস এস সি সনদ পত্রের সত্যায়িত কপি -	:	২ (দুই) কপি
১৬।	কেন্দ্র ভিত্তিক চাকরির বিবরণী -	:	২ (দুই) কপি
১৭।	পি,আর,এল, মঞ্জুরীর প্রজ্ঞাপন -	:	২ (দুই) কপি
১৮।	বৈধ উত্তরাধীকারী ঘোষণা পত্র -	:	২ (দুই) কপি
১৯।	জাতীয় পরিচয় পত্রের ছায়াছবি -	:	২ (দুই) কপি
২০।	জন্ম সনদ পত্র সমূহ (ছেলে মেয়েদের) -	:	২ (দুই) কপি
২১।	সার্ভিস বুক (নন গেজেটেড) এর মূল কপি -	:	১ (এক) কপি

সংযুক্ত: যথাবর্ণিত।

নারায়ণ চন্দ্র শীল
মহাপরিচালক
টেলিফোন: ৪৪৮১৩০৬২